যুগান্তর

তারিখ 16 MAR 2015
পৃষ্ঠা ১৭ কলাম ১

# তেল-গ্যাস উত্তোলনে ঢাবিতে আন্তর্জাতিক কর্মশালা শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

তেল ও গ্যাস উত্তোলনে প্রথমবারের মতো বাংলাদেশে শুরু হয়েছে পাঁচ দিনব্যাপী আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মশালা। রোববার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এক্সিলেন্সে কর্মশালা শুরু হয়। সেন্টার ফর প্রফেশনাল ডেভেলপমেন্ট (সিএফপিডি) কর্মশালার আয়োজন করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূ-তত্ত্ব বিভাগের অধ্যাপক আসম ওবায়দুল্লাহ কর্মশালার উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন ভূ-তত্ত্ব বিভাগের অধ্যাপক বদরুল ইমাম এবং ইঞ্জিনিয়ার মো. আমিরুল ইসলাম। কর্মশালায় পেট্রোবাংলা, বাপেক্স, বিজিএফসিএল, এসজিএফএল এবং চুয়েটের পিএমই বিভাগের ১২ প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। আগামী ১৯ মার্চ পর্যন্ত কর্মশালা চলবে।

অধ্যাপক আসম ওবায়দুল্লাহ বলেন, বাংলাদেশের ভূগর্ভে তেল ও গ্যাস উত্তোলনে দক্ষ জনশক্তি প্রয়োজন। উন্নত বিশ্বে পর্যাপ্ত দক্ষ জনশক্তি থাকায় তাদের কোনো সংস্থার ওপর নির্ভর করতে হয় না। বাংলাদেশে পর্যাপ্ত জনশক্তির অভাবে এখনও তেল-গ্যাস উত্তোলনে বিদেশী কোম্পানির ওপর নির্ভরশীল হতে হয়।